



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি/২০২০-২০২১/৫০৩৮

তারিখ: ০২/০৮/২০২৩

২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক রেজিস্ট্রেশন কার্ড ০৯ আগস্ট ২০২৩ তারিখ বিকাল ৪টা থেকে অনলাইনে ইস্যু করা হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে পারবেন।


১) রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার নিয়মাবলী

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions/regicard) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে College Login অপশনে গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) User ID ও Password ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্ড Download করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য ও ছবি সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন। এখানে উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে কোন শিক্ষার্থী নিজ ছবি ব্যতীত অন্যের ছবি দিয়ে ভর্তি হয়ে থাকলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে ছবি পরিবর্তনের আবেদন গ্রহণ যোগ্য হবে না।	০৯/০৮/২০২৩ থেকে ০৭/০৯/২০২৩
খ)	পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী: যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড Download করার জন্য Password সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, নিবন্ধিত মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল এ্যাড্রেসসহ ডিন দপ্তরের অফিসিয়াল ই-মেইল (pgdeanoffice@gmail.com) এ আবেদন পত্র প্রেরণ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে User ID ও Password প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার জন্য সংশ্লিষ্ট কলেজসমূহে যে User ID ও Password দেয়া হয়েছে তা বহাল থাকবে।	
গ)	উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বা তৎপূর্বে মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) ভর্তি কার্যক্রমের ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট কলেজে কোন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।	

২) শিক্ষার্থীদের e-mail এ্যাড্রেস ব্যবহারের নিয়মাবলী

ক)	প্রতিটি শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে তার ই-মেইল এ্যাড্রেস দেওয়া হয়েছে। উক্ত ই-মেইল এ্যাড্রেস এর পাসওয়ার্ড হবে শূন্য (০) সহ রেজিস্ট্রেশন কার্ডে প্রিন্ট করা ৭ ডিজিটের সিরিয়াল নাম্বার। উদাহরণ- শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নাম্বার 12345678987 এবং রেজিস্ট্রেশন কার্ডে প্রিন্ট করা সিরিয়াল নাম্বার 1234567 হবে Email: s12345678987@nu.ac.bd , Password: 01234567 হবে।
খ)	ই-মেইল লগইন করার নিয়ম: যে কোন ব্রাউজার থেকে www.gmail.com এ প্রবেশ করে শিক্ষার্থীর ইমেইল এ্যাড্রেস ও পাসওয়ার্ড লিখে লগইন করতে হবে। যদি কারো একই ব্রাউজারে অন্য কোন জিমেইল একাউন্টে লগইন করা থাকে, তাহলে জিমেইল উইন্ডোর উপরে (ডানপাশে) Google Account অপশন থেকে Add another account এ ক্লিক করলে সাইন ইন অপশন পাওয়া যাবে। শিক্ষার্থী প্রথমবার লগইন করার পরে পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবে। এ সংক্রান্ত যে কোন সহায়তা পেতে এই অফিসিয়াল ই-মেইল (email_support@nu.ac.bd) এ্যাড্রেসে যোগাযোগ করতে হবে।
গ)	শিক্ষার্থীদের সাথে পরবর্তী সকল যোগাযোগ এই অফিসিয়াল ইমেইল এ্যাড্রেসের মাধ্যমে করা হবে।

বি: দ্র: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নিজের নাম/পিতা-মাতার নামে কোন ভুল থাকলে তা কার্ড ইস্যুর পরবর্তী এক মাসের মধ্যে সংশোধনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।



০২.০৮.২০২৩
(অধ্যাপক ড. মোহাম্মদ বিন কাশেম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল: pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি/২০২০-২০২১/৫০৩৮

তারিখ: ০২/০৮/২০২৩

অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ

- সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- অফিস কপি।


০২.০৮.২০২৩
(মো: শাহাজামাল)
উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪